



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.  
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১২ এপ্রিল ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

## পার্বত্য চট্টগ্রামের প্রধান উৎসব বৈ-সা-বি ও নববর্ষ উপলক্ষে ইউপিডিএফ-এর বার্তা : উৎসবে বিঘ্ন না ঘটতে সরকারের প্রতি আহ্বান

পার্বত্য চট্টগ্রামের বৃহৎ সামাজিক উৎসব বৈ-সা-বি (বৈসু-সাংগ্রাই-বিবু-বিষু-বিহু-চাংক্রান-সাংক্রাই-সাংগ্রাইং) শুরুর প্রথম দিন ১২ এপ্রিল ২০২২, মঙ্গলবার ফুল বিবুতে সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বার্তায় ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর সভাপতি প্রসিত খীসা পার্বত্যবাসী, প্রবাসী জুম্মো ও দেশের জনগণকে শুভেচ্ছা-অভিবাদন জানিয়েছেন, নববর্ষে মানুষের জীবনে নিরাপত্তা, উত্তরোত্তর সুখ-সমৃদ্ধি ও শান্তি কামনা করেছেন। প্রদত্ত বার্তায় তিনি পাহাড়ি জনগণের প্রধান উৎসবে বিঘ্ন ঘটে এমন কর্মকাণ্ড যেমন ভূমি বেদখল, নিরাপত্তার নামে টহল, ধরপাকড় ও দমন-পীড়ন চালানো থেকে বিরত থাকতে সরকার-প্রশাসনের প্রতি আহ্বান জানিয়েছেন।

সংবাদ মাধ্যমে প্রদত্ত বার্তায় ইউপিডিএফ নেতা করোনার প্রকোপ কমে আসলেও পার্বত্য চট্টগ্রাম ও সারা দেশে ক্ষমতাসীন ফ্যাসিবাদী সরকারের নিপীড়নের মাত্রা কমে নি, বরং দিন দিন তা তীব্র ও অসহনীয় হয়ে উঠছে বলে মন্তব্য করেন। দৃষ্টান্ত হিসেবে তিনি সাম্প্রতিক বান্দরবানের লামায় শ্রো ও ত্রিপুরা জাতিসত্তার জমি বেদখল, মহালছড়িতে বসতবাড়িতে সেটলারদের অগ্নিসংযোগ, দীঘিনালায় দলীয় কর্মী সৌরভকে হত্যা, রামগড়ে আরেক কর্মীকে গুলি করে আটক, উৎসবের প্রাক্কালে সাজেকসহ বিভিন্ন এলাকায় সেনাবাহিনীর হুমকিমূলক টহলের ঘটনা উল্লেখ করেছেন।

জনগণের উদ্দেশ্যে প্রদত্ত বার্তায় ইউপিডিএফ নেতা আরও বলেন, উৎসব শুধু বিনোদনের জন্য নয়, এটি সমাজে জনগণের মধ্যে সৌহার্দ্য-সম্প্রীতি, ভ্রাতৃত্ব ও সংহতি সুদৃঢ় করার উপলক্ষও। পুরাতন বছরের সকল দুঃখ-গ্লানি ও ব্যর্থতা জীর্ণ পাতার মতো ছুড়ে ফেলে নব উদ্যমে পথ চলার শক্তি অর্জিত হবে এ আশাবাদ ব্যক্ত করে ইউপিডিএফ নেতা জাতীয় অস্তিত্ব রক্ষার্থে সবাইকে ঐক্যবদ্ধ হয়ে অধিকার আদায়ের লড়াইয়ে যুক্ত হওয়ার আহ্বান জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।